6

দৈনিক বাংলা

তারিখ ... 14 MAR 1995 ...
পৃষ্ঠা ৫ কলাম ৬

# তৃতীয় বিভাগের প্রতি বৈষম্য কেন?

গত ৩১ আগস্ট '৯৪ বিটিভিতে 'সমকাল' অনুষ্ঠানে উপস্থাপক একটি গুরুত্ব বিষয় জাতির কাছে উপস্থাপন করায় তাকে ধন্যবাদ জানাই। বিষয়টি হচ্ছে দেশের শিক্ষা ব্যবস্থা সম্বন্ধে। উল্লেখ্য যে আমাদের দেশে তিন শ্রেণীর পাসের ব্যবস্থা আছে। যেমন ১ম বিভাগ, ২য় বিভাগ ও ৩য় বিভাগ। এখানে এরূপ নিয়ম বা ব্যবস্থা আছে যে যারা এসএসসি থেকে ডিগ্রী পর্যন্ত কোন একটি ২য় বিভাগ বা দুইটিতে ২য় বিভাগ পায়, তারা বিশ্ববিদ্যালয়ে ভর্তির বা চাকরির জন্য দরখাস্ত করতে পারে। কিন্তু কেউ তিনটিতে ৩য় বিভাগ পেলে সে বিশ্ববিদ্যালয়ে বা চাকরিতে দরখাস্ত করতে পারে না। তাহলে আমাদের প্রশ্ন, যারা সব কয়টিতে ৩য় বিভাগ পেয়েছে বা পাবে তাদের কি উপায় হবে? যদি এরূপ ব্যবস্থা চালু থাকে তাহলে ৩য় বিভাগের প্রয়োজন কি? উল্লিখিত টিভি অনুষ্ঠানে উপস্থাপক মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে এই প্রশ্ন উত্থাপন করলে প্রসঙ্গক্রমে দর্শকদের তিনি জানান যে, বৃটেনে একটি বিশ্ববিদ্যালয় ৪র্থ শ্রেণীর পাস সার্টিফিকেট প্রদান করে। আর এই ৪র্থ শ্রেণীর সার্টিফিকেটধারীরাও নাকি উচ্চশিক্ষা লাভ করেছে ও বড় বড় অফিসার হয়েছে বা হচ্ছে। বিশ্বের উন্নত দেশে এরূপ ব্যবস্থা থাকলে আমাদের দেশে তার বিপরীত ব্যবস্থা কেন? কয়েকদিন আগে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সার্কুলারে দেখলাম ৪ পয়েন্ট হলে এলএলবি (পাস) ভর্তি হওয়া যাবে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ৪ পয়েন্ট লাগে। ঢাকা বিশ্ববিদ্যালয় ৫ পয়েন্ট লাগে। এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে লাগে ৪ পয়েন্ট (সবগুলি পাস কোর্স)। তাহলে দেখা যাচ্ছে আমাদের ৩য় বিভাগে পাসের কোন মূল্য বা প্রয়োজন নেই। যদি তাই না থাকে তবে পাস ব্যবস্থা একেবারে উঠিয়ে দিলেই তো হয়, আর সেটাইতো উচিৎ। আর যদি এর কোন মূল্য থাকে তাহলে সকল শ্রেণী বা বিভাগে পাসধারীদের বিশ্ববিদ্যালয় বা সকল ক্ষেত্রে অংশগ্রহণের ব্যবস্থা করা অবশ্যই সমীচীন আর সে ব্যবস্থাই করতে হবে। তা করতে না পারলে ৩য় একবারেই উঠিয়ে দিতে হবে। আশা করি কর্তৃপক্ষ বিষয়টি যথাযথ গুরুত্বের সাথে গ্রহণ করবেন।

মনির
জেলরোড, যশোর।